

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৪৫১

১২/ কুরআন

পরিচ্ছেদঃ বিশেষ বিশেষ সূরা ও আয়াত পাঠ করার উপর উৎসাহ দান

## আরবী

وعَنْ عَائِشَةَ أَنَّ رَسُولَ اللهِ عَلَيْ بَعَثَ رَجُلاً عَلَى سَرِيَّةٍ وَكَانَ يَقْرَأُ لأَصْحَابِهِ فِى صَلاَتِهِمْ فَيَخْتِمُ بِ (قُلْ هُوَ اللهُ أَحَدٌ) فَلَمَّا رَجَعُوا ذُكِرَ ذَلِكَ لِرَسُولِ اللهِ عَلَيْ فَقَالَ سَلُوهُ لأَيِّ فَقَالَ سَلُوهُ لأَيِّ فَيَالَ سَلُوهُ لأَيِّ فَقَالَ رَسُولُ شَيْءٍ يَصِنْنَعُ ذَلِكَ فَسَأَلُوهُ فَقَالَ لأَنَّهَا صِفَةُ الرَّحْمَنِ فَأَنَا أُحِبُّ أَنْ أَقْرَأَ بِهَا فَقَالَ رَسُولُ الله عَيْنِ أَخْبِرُوهُ أَنَّ اللهَ يُحِبُّهُ

## বাংলা

(১৪৫১) আয়েশা (রাঃ) কর্তৃক বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তিকে এক (জিহাদের) সৈন্যদলের সেনাপতিরূপে প্রেরণ করলেন। সে তাদের নামায়ে ইমামতিকালে প্রত্যেক সূরার শেষে 'কুল হুওয়াল্লাহু আহাদ' যোগ করে কিরাআত শেষ করত। যখন তারা ফিরে এল তখন সে কথা আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উল্লেখ করল। তিনি বললেন, তোমরা ওকে জিজ্ঞাসা কর, কেন এমনটি করে? সুতরাং তারা ওকে জিজ্ঞাসা করলে লোকটি বলল, কারণ, সূরাটিতে পরম দয়ালু (আল্লাহর) গুণাবলী বর্ণিত হয়েছে। তাই আমি ওটাকে (বারবার) পড়তে ভালোবাসি। একথা শুনে তিনি বললেন, ওকে সংবাদ দাও যে, আল্লাহ আয়্যা অজাল্লও ওকে ভালো বাসেন।

## ফুটনোট

(বুখারী ৭৩৭৫ , মুসলিম ৮১৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন